

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৬৭

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الفصل الاول

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: يَتَّبِعُ الْمَيِّتَ ثَلَاثَةٌ: فَيَرْجِعُ اثْنَانِ وَيَبْقَى مَعَهُ وَاحِدٌ يَتَّبِعُهُ أَهْلُهُ وَمَالُهُ وَعَمَلُهُ فَيَرْجِعُ أَهْلُهُ وَمَالُهُ وَيَبْقَى عَمَلُهُ . مُتَّفَقٌ عَلَيْهِ

متفق عليه ، رواه البخارى (6514) و مسلم (5 / 2960)، (7424) -
(مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৫১৬৭-[১৩] আনাস (রা.) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ (সা.) বলেছেন: তিনটি জিনিস মৃত লাশের সাথে যায়। দুটি ফিরে আসে এবং একটি তার সাথে থেকে যায়। তার সাথে গমন করে আত্মীয়স্বজন, মাল-সম্পদ এবং তার আমল। পরে জাতি-গোষ্ঠী ও মাল-সম্পদ ফিরে আসে এবং থেকে যায় তার আমল। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ : বুখারী ৬৫১৪, মুসলিম ৫-(২৯৬০), নাসায়ী ১৯৩৭, সহীহুল জামি' ৮০১৭, তিরমিযী ২৩৭৯, সহীহ ইবনু হিব্বান ৩১০৭, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ২০৬৪, সহীহ আত্ তারগীব ওয়াত তারহীব ৩২৩০।

ব্যাখ্যা

ব্যাখ্যা : (وَيَبْقَى عَمَلُهُ) এ প্রসঙ্গে হাফিয ইবনু হাজার আল আসকালানী (রহিমাহুল্লাহ) বলেন : ‘আমল তার সাথে কবরে প্রবেশ করে। (তুহফাতুল আহওয়ায়ী ৬ষ্ঠ খণ্ড, হা. ২৩৭৯)।

এ ‘আমলের কারণেই সে সওয়াবের অধিকারী হবে অথবা শাস্তির উপযোগী হবে। হাদীসে রয়েছে, “কবর

জান্নাতের বাগানসমূহের মধ্য হতে একটি বাগান অথবা আগুনের গর্তগুলোর মধ্য হতে একটি গর্ত।”

(يَتْبَعُهُ أَهْلُهُ) এখানে পরিবার বলতে সন্তান-সন্ততি, আত্মীয়-স্বজন ও পরিচিত অনেক বন্ধু-বান্ধব আর (أَهْلًا) দ্বারা দাস-দাসী, জন্তু জানোয়ার ও আসবাবপত্র বুঝানো হয়েছে। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85147>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন